১৩ জুন থেকে স্কুল-কলেজ খুলছে

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, করোনা পরিস্থিতি যদি খুব বেশি খারাপ না হয়, তাহলে ১৩ জুন থেকে স্কুল-কলেজ খোলার চিন্তা রয়েছে। স্কুল-কলেজ খুললে প্রথম ধাপে দশম শ্রেণি ও দ্বাদশ শ্রেণির সপ্তাহে ৬ দিন করে ক্লাস নেওয়া হবে।

বুধবার দুপুরে করোনার কারণে শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ছুটি ও শিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

বিশ্ববিদ্যালয়গুলো খুলে দেওয়ার বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।

চলমান করোনা পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি আগামী ১২ জুন পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এরপর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়া হবে। আমাদের সব প্রস্তুতি নেওয়া হয়েছে। আমরা শিক্ষা প্রতিষ্ঠান খুলে ক্লাস নিতে পারব।

মুজিবনগরে খেলতে গিয়ে প্রান গেলো শিশুর

মুজিবনগরে বন্ধুদের সাথে খেলা করতে গিয়ে বৈদতিক আর্থিং লাইনে বৃদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রান গেলো
শিলা খাতুন(৬) নামের এক শিশুর।
বুধবার সকাল পৌনে এগারোটার দিকে মুজিবনগর উপজেলার তারানগর গ্রামে এ মর্মান্তিক দূর্ঘটনা ঘটে।
শিলা খাতুন তারানগর গ্রামের সেলিম উদ্দীনের মেয়ে।
স্থানীয়রা জানান,বিলের পাশের রাস্তার উপর দিয়ে একটি আর্থিং টানা লাইন থাকায় প্রতিদিন সেখানে বাচ্চারা খেলাধূলা করে।

একই ভাবে বুধবার সকালে শিলা খাতুনসহ আশরাফুল ইসলামের মেয়ে তারিন(৬) ও আলতাবের ছেলে নায়েব(৭)একসাথে বিলের পাশে খেলছিলো। খেলতে খেলতে শিলা খাতুন তারে হাত দিলে হঠাৎ করে সে শক খেয়ে নিচে আছড়ে পরে।
পরে বাচ্চারা আমাদের কাছে যেয়ে বললে আমরা তারাহুরো করে তাকে মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্ষে নিয়ে আসি।
এদিকে মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্স এ আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।
আর্থিং লাইনে বৃদ্যুৎস্পৃষ্ট হওয়ার বিষয়ে জানতে চাইলে মুজিবনগর সাব জোনাল অফিসের এজিএম বলেন,আর্থিং লাইনে ২ টা তার থাকে।একটি ফেজ একটি নিউটাল।আর্থিং লাইনে কখনো শর্ট করে না। কিন্তু কোন ভাবে যদি নিউটাল তার ছিড়ে যায় সেক্ষেত্রে আর্থিং লাইনে কারেন্ট হতে পারে। হয়তো ঝরের কারনে নিউটাল তার ছিড়ে যাবার কারনে বৃদ্যুৎ চলে আসতে পারে। আর তৎক্ষানিক বাচ্চাটা তারে হাত লাগালে বৃদ্যুৎস্পৃষ্ট হয়।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, ঘটনা শোনার পর পুলিশের একটি টিম সাথে নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করি।
কারও কোন অভিযোগ না থাকায় পরিবারের হাতে লাশ হস্তান্তর করা হয়েছে।

আমঝুপিতে আকাশ ডিটিএস এর ২য় বর্ষপূতি পালন

ঝকঝকে আকাশ’ শ্লোগানে মেহেরপুর সদর উপজেলার আমঝূপিতে আকাশ ডিটিএস ২য় বর্ষপূতি পালিত হয়েছে।
গতকাল মঙ্গলবার রাতে আমঝুপি বাজারে আকাশ ডিটিএস এর জেলা পরিবেশকের কার্যালয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আকাশ ডিটিএস এর পরিবেশক অবসরপ্রাপ্ত ক্যাপ্টে গনি উল আযমের সভাপতিত্বে বর্ষপূতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কেক কাটেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্ন। এসময় আমঝুপি বাজার কমিটির সভাপতিসহ গণ্যমান্য ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন ৬ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৬ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় বর্তমানে মোট করোনাভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়াল ৫৬ জনে।
মঙ্গলবার সন্ধ্যায় সিভিল সার্জন ডা. মোঃ নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন। আক্রান্তরা হলেন গাংনী উপজেলার ৩ জন ও মুজিবনগর উপজেলার ৩ জন।
সিভিল সার্জন জানান, মঙ্গলবার সন্ধ্যায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল ল্যাব থেকে আরও ২৮ জনের রিপোর্ট আসে। এর মধ্যে ৬ জনের পজিটিভ রিপোর্ট। এ নিয়ে জেলায় বর্তমানে আক্রান্তের সংখ্যা ৫৬ জন। এদের মধ্যে সদর উপজেলার ২৩ জন, গাংনী উপজেলার ২২ জন ও মুজিবনগর উপজেলার ১১ জন রয়েছে।

কার্পাসডাঙ্গার গ্রাম পুলিশ হাজরা সর্দার আর নেই

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আদিবাসী পাড়ার ১ নং ওয়ার্ড গ্রাম পুলিশ এক জনপ্রিয় মুখ হাজরা সর্দার আর নেই। সকলকে রেখে তিনি চলে গেলেন না ফেরার দেশে।

তকাল মঙ্গলবার সাড়ে ৫টার দিকে নিজ বাস ভবনে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। তিনি মস্তিষ্কে রক্তক্ষরণ জনিত (স্ট্রোক) কারণে বেশএ কয়েক মাস যাবৎ শয্যাশায়ী ছিলেন।

মৃত্যুকালে তিনার স্ত্রী, ২ কন্যা ও ১ পুত্র সন্তানসহ বহু

গুণগ্রাহী রেখে গেছেন। হাজরা সর্দার এর মৃত্যুর খবর শুনে কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান খলিলুর রহমার ভুট্টো তার বাসভবনে ছুটে যান। তার মৃত্যুতে গভীর শোক এবং তার শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে বিবৃতি দিয়েছেন। হাজরা সর্দারের এই অকাল মৃত্যুর ঘটনায় এলাকায় জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

মুজিবনগরে কৃষি জমিতে অবাধে পুকুর খনন

মুজিবনগরে সরকারি নিয়ম-নীতিকে তোয়াক্কা না করে এক শ্রেণির মুনাফা লোভী প্রভাবশালীদের ইন্ধনে চলছে অবৈধ পুকুর খননের মহোৎসব।পুকুর খননের কাজ ইতিমধ্যে প্রায় শেষের দিকে। পুকুর খননকরা কালীন সময়ে উত্তোলন করা মাটি এবং বালি বর্তমানে গোপনে কন্ট্রাকটারের মাধ্যমে বিক্রি করছে বিভিন্ন ইট ভাটাই।

মুজিবনগর উপজেলার কয়েকটি ফসলি জমিতে চলছে অবৈধ পুকুর খনন। এতে করে পাশের কৃষি জমিগুলো হুমকির মুখে পরে যাচ্ছে।
সরজমিনে ঘুরে দেখা যায় ভূমি ব্যবস্থাপনা নীতিমালা লঙ্ঘন করে মুজিবনগর উপজেলার তারানগর গ্রামে মাদারতলার পিছনে একটি জায়গায় ফসলি জমি নষ্ট তারনগর গ্রামের মৃত,রসুল কসােইর ছেলে আরশাদ কসাই বিভিন্ন ক্ষমতার জোর দেখিয়ে চালিয়ে যাচ্ছে তার পুকুর খননের কাজ।

ইতি মধ্যে পুরোটা খনন হয়ে গেলে, পুকুরে বালি তুলে রেখে বাধায় করে রেখেছে আরশাদ কসাই।আর উত্তোলনকৃত বালি গোপনে বিক্রি করছে বিভিন্ন ইটভাটাই।পুকুর খনন করার সময় মাটির সাথে উত্তোলন হচ্ছে বালু। যেগুলো গাড়ি প্রতি ১৫ শত থেকে ২ হাজার টাকায় বিক্রি হচ্ছে। এতে করে অধিক মুনাফা অর্জন হচ্ছে।

স্থানীয় প্রশাসনকে ম্যানেজ করে এলাকার প্রভাবশালীরা এসব পুকুর খনন করছেন বলে অভিযোগ উঠেছে। ফলে এলাকায় ফসলি জমি কমে যাওয়ার পাশাপাশি পরিবেশের ওপরও দীর্ঘমেয়াদি বিরূপ প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করছেন এলাকাবাসী।

এ বিষয় নিয়ে গ্রামবাসি সহ খননকৃত পুকুরের পাশের জমির মালিকদের মধ্যে মিশ্রপ্রতিক্রিয়া দেখা দিয়েছে।এভাবে পুকুর খনন চলতে থাকলে নিকট ভবিষ্যতে উপজেলায় ফসলি জমি থাকবে না বলে মতপ্রকাশ করছেন এলাকার সুধিসমাজ।

গণমাধ্যম কর্মীরা পুকুর খননের সংবাদ সংগ্রহ করতে মাঠে গেলে নামপ্রকাশে অনেকে বলেন, ছবি তুলে, নিউজ করে লাভ নেই। এর আগেও অনেক সাংবাদিক এসেছে।কিন্তু কোন কাজ হয়নি।

কৃষি জমি নষ্ট করে পুকুর খনন করছে তারানগর গ্রামের মৃত রসুল কসােইর ছেলে আরশাদ কসাই।যার পুকুর খনন করতে করতে নিজের জমি ছেরে চলে এসেছে সরকারী রাস্তার ভিতর।এতে করে রাস্তাটা অনেক ঝুকির মধ্যে পরে যাচ্ছে।

আরশাদের জমির পাশেই রয়েছে তারানগর গ্রামের জহন্নর নামের একজনের বাশবাগান, তিনি সাংবাদিক দেখে বলেন, আপনাদের তো শুধু ছবি আর ভিডিও করায় কাজ।

১০-২০ টাকা দিলেই আপনারা চুপ হয়ে যান।এর আগে অনেক অফিসার, সাংবাদিক এসেছে। কিন্তু পরে তাদের আর কোন খোজ পাওয়া যায়নি। আপনাদেরও আর খোজ পাওয়া যাবে না।ঠিকিই বড় বড়া মানুষের ক্ষমতা দেখি পুকুর খনন করে চলেছে। কারও কাছে বলে আমাদের লাভ নেই।

পুকুর খনন বন্ধ করার বিষয়ে তিনি প্রশাসনের কাছে অভিযোগ করেছে কিনা সে বিষয়ে জানতে চাই তিনি বলেন, একবার মৌখিক ভাবে তৌশিলদারকে বলেছিলাম কিন্তু কোন কাজ হয়নি। তখনিই বুঝলাম আমাদের চুপ করে থাকা ছাড়া আর কোন উপায় নেই।
এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের অভিযোগ, কোনো অনুমতি ছাড়া প্রভাবশালীরা জোরপূর্বক ভয়ভীতি দেখিয়ে তাদের জমি পুকুরের জন্য দখল নিয়ে নিচ্ছে অনেকে।

পুকুর খনন বন্ধের বিষয়ে কেউ বাগোয়ান ইউনিয়ন তৌশিলদারের কাছে মৌখিক অভিযোগ দিয়েছে কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন,পুকুর খনন বন্ধের বিষয়ে লিখিত কিংবা মৌখিকভাবে আমার কাছে কেউ অভিযোগ দেয়নি। তবে আমি গতকাল পুকুর খননের বিষয়টি জানতে পারার পর আমার অফিসের পিয়নকে ঘটনাস্থলে পাঠাইছিলাম। তবে বৃষ্টির কারনে আপাতত কাজ বন্ধ রয়েছে।
আমি পুরো বিষয়টি ইউএনও স্যারের নলেজে দিয়েছি। এবং ইউএনও স্যারের নির্দেশে তাকে কাজ বন্ধ রাখার জন্য বলা হয়েছে।

পুকুর খননের বিষয়ে আরশাদ কসাই বলেন, আমি সরকারী রাস্তায় পুকুর খনন করনি ।

যেটুকু কেটেছি আমার নিজের জমিতে।আমি ৫ বিঘা জমির উপর পুকুর খনন করার প্লান করেছিলাম।এ প্রযন্ত ৩ বিঘা জমির উপর খনন করা হয়েছে বাকি আছে ২ বিঘা। তাছাড়া মানুষের অনেক শত্রু থাকে, কেউ হয়তো আমার উপর শত্রুতা করে আপনাদের কাছে সরকারী রাস্তার বিষয়ে ভূল তথ্য দিয়েছে।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, পুকুর খননের বিষয়গুলো একেবারে অবৈধ। পুকুর খনন বন্ধে বারবার মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। আরশাদের বিষয়টি আমি গতকাল সোমবার শুনেছি। শোনার পর তৌশিলদারকে পাঠিয়ে কাজ বন্ধ রাখার জন্য বলা হয়েছে।

পরবর্তিতে পুনরায় কাজ শুরু করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

দামুড়হুদায় উন্নত ব্যস্থাপনায় মাছ চাষের উপর প্রশিক্ষণ

দামুড়হুদা উপজেলার বয়রা গ্রামে উন্নত ব্যবস্থাপনায় মাছের রেনু পোনা চাষের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলার বয়রা গ্রামে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে পিকেএসএফ’র আর্থায়নে দু দিনব্যাপী মাছ চাষের উপর প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা মৎস্য অফিসার দীপক কুমার পাল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মৎস্য কর্মকর্তা ভারপ্রাপ্ত আয়ুব আলী। দু’দিনব্যাপী এ প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন গ্রামের ২৫জন মাছ চাষিকে দু’দিনব্যাপী অনাবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে ১৫জন চাষিকে ১লাখ ২০হাজার টাকার এককালীন অনুদান প্রদান করা হয়। এছাড়াও ওয়েভ মৎস্য হ্যাচারীর কার্প জাতীয় বিভিন্ন প্রজাতির মাছের পোনা প্রদান করা হয় প্রশিক্ষণপ্রাপ্ত মাছ চাষিদের মাঝে। সমগ্র প্রশিক্ষণের

সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন পরিচালক, প্রশিক্ষক ও ওয়েভ ফাউন্ডেশনের মৎস্য কর্মকর্তা আল আমিন।

দামুড়হুদায় মাংস ব্যবসায়ীদের প্রশিক্ষণ উদ্বোধন

দামুড়হুদায় স্বাস্হ্যসম্মতভাবে মাংস প্রক্রিয়াজাতকরণ ও মাংস ব্যবসায়ীদের প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।
জানা গেছে, গতকাল মঙ্গলবার সকাল ১০ টার দিকে উপজেলা পরিষদের চত্বরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বি এ ডিসি হল রুমে মাংস ব্যবসায়ীদের তিনদিন ব্যাপী প্রশিক্ষণ সভার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জেরদারজকরণ প্রকল্পের আওতায় কসাইখানার সুষ্ঠু ব্যবস্থাপনা এবং স্বাস্থ্যসম্মত উপায়ে মাংস প্রক্রিয়াকরণ ও সংরক্ষণের উপরে উপজেলার ৩০ জন মাংস ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

উপজেলা প্রাণী সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল দামুড়হুদা’ র আয়োজনে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্পদ ও সম্প্রসারণ কর্মকর্তা আব্দুলা আল মামুন।

অনুষ্ঠানে প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান সংক্ষিপ্ত বক্তব্যে বলেন,ভোক্তাদের কথা মাথায় রেখে স্বাস্হ্যসম্মতভাবে মাংস প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ করতে হবে। যেখানে সেখানে পশু জবাই করা থেকে বিরত থাকতে হবে।

এ বিষয়ে সকল ব্যবসায়ীদেরকেই সতর্ক থাকা জরুরি। কোনভাবে অসুস্থ ও রুগ্ন গরু জবাই করা যাবে না।স্বাস্থ্যবিধি মেনে হ্যান্ডগ্লাফ্স ও মাস্ক ব্যবহার করে মাংস বিক্রয় করতে হবে।অন্যথায় আইনগত ব্যবস্থা

জীবননগরে স্কুল ছাত্র মাহফুজ হত্যার বিচারের দাবিতে মানববন্ধন

জীবননগরে স্কুল ছাত্র মাহফুজ হত্যার প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে । গতকাল মঙ্গলবার সকাল ১০টার সময় জীবননগরবাসী ও স্কুলের ছাত্র সমাজের আয়োজনে জীবননগর শহরের মেইন বাসষ্ট্রান্ড চক্তরে কিশোর মাহফুজ হত্যার বিচারের দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

নিহত মাহফুজ জীবননগর পৌর সভার ৪নং ওর্য়াড নারায়নপুর গ্রামে বিশিষ্ঠ ব্যবসায়ী মনিরুল ইসলামের ছেলে । সে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ১০ শেন্রীর ছাত্র। স্কুল ছাত্র মাহফুজকে নির্মম ভাবে পিটিয়ে হত্যার বিষয়টি সিসি ক্যামেরার ফুটেজে ধরা পড়লে এটি মুহুর্তের মধ্যে সোসাল মিডিয়ার মাধ্যমে ছড়িয়ে পড়ে । মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে এ ভাবে নির্যাতন করে মাহফুজকে হত্যা করায় জীবননগরবাসী দোষীদের শাস্তির দাবি করে নারী,পুরুষ একত্রিত হয়ে মানববন্ধন ও প্রতিবাদ সভার আয়োজন করেন।

জীবননগর পৌর সভার সাবেক কাউন্সিলার সাইদুর রহমানের সভাপতিত্বে মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন ,জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম,জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর পৌর আওয়ামলীগের সভাপতি নাসির উদ্দিন,জীবননগর পৌর যুবলীগের সভাপতি শরিফুল ইসলাম ছোট বাবু,সাবেক কাউন্সিলার মশিয়ার রহমান প্রমুখ এ সময় বক্তরা বলেন,স্কুল ছাত্র মাহফুজকে যারা পিটিয়ে হত্যা করেছে তাদের দৃষ্ঠান্তমুলক শাস্তির ব্যবস্থা করতে হবে এবং হত্যাকারিদের ফাসি দিতে হবে তা না হলে কঠোর আন্দোলন করা হবে।

সম্প্রতি যশোর শহরের রেলরোড এলাকায় যশোর মাদকাসক্তি নিরাময় ও পুর্নবাসন কেন্দ্রে জীবননগরের মাহফুজকে চিকিৎসার জন্য ভর্তি করা হয়। সেখানে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মাহফুজকে বেধড়ক ভাবে মারধর করে ।এক পর্যায় ৮-১০জন মিলে তার নাকের ভিতরে পানি ঢুকিয়ে গুরুত্বর আহত করে। সকলে মিলে পিটাতে থাকে একপর্যায় মাহফুজের মৃত্যু হলে তাকে চিকিৎসার নামে যশোর সদর হাসপাতালের বারান্দায় রেখে তারা পালিয়ে যায়।

এ ঘটনায় যশোর কতোয়ালী থানায় মাহফুজের বাবা বাদি হয়ে মামলা করলে পুলিশ ওই দিন রাতে মাদক নিরাময় কেন্দ্রের মালিকসহ ১৪জনকে আটক করে।এদিকে আটককৃত আসামীরা যাতে মুক্তি না পাই এবং আর কোন মা- বাবার বুক খালি না হয় তার সুষ্ঠ বিচারের দাবি করেছেন মাহফুজের বাবা-মাসহ পরিবারের লোকজন।

গাংনীর গাড়াডোব গ্রামে পুকুর খনন বন্ধের দাবীতে মানববন্ধন

জেলা প্রশাসন থেকে দেয়া শর্তবলী ভঙ্গ ও ঘরবাড়ী রক্ষার্থে পুকুর খনন বন্ধ করার দাবীতে মানব বন্ধন করেছেন মেহেরপুরের গাংনীর গাড়াডোব কুঠি পাড়া গ্রামবাসি। মঙ্গলবার দুপুরে গাংনী হাসপাতাল বাজারে মেহেরপুর- কুষ্টিয়া সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনের মাধ্যমে পুকুর খনন কাজ বন্ধের প্রয়োজনীয় ব্যাবস্থা নেবেন এমন প্রত্যাশা করেন তারা।
স্থানীয়রা জানান, গাংনীর গাড়াডোব কুঠিপাড়ার কাজলা নদীর কোল ঘেঁসে পুকুর খনন এর অনুমোতি নেন রেবেকা খাতুন ও হাশেম আলী। পুকুর খননের আগ থেকেই জমির আশপাশের অনেক পরিবার অনুমোতি না দেয়ার অনুরোধ জানিয়ে আসছেন। বিভিন্ন প্রতিকুলতা থাকলেও ৮ টি শর্ত দিয়ে পুকুর খননের অনুমোতি দেন জেলা প্রশাসক। শর্তে বলা হয়, পুকুরের মাটি বিক্রি করা যাবেনা।
অথচ ওই মাটি স্থানীয় দু’টি ইট ভাটাই বিক্রি করা হচ্ছে বলে জানান স্থানীয়রা। কাজলা নদীর একেবারে কোল ঘেঁসে নিজের জমির মালিকানা দাবী করায় স্থানীয় জনমনে সন্দেহ সৃষ্টি হয়েছে। এলাকার প্রবীণদের ধারনা পুকুর খনন করা হচ্ছে ওই জমির অনেকাংশ কাজলা নদীর হতে পারে। সরকারিভাবে কাজলা নদী জরিপের দাবীেও করেন স্থানীয়রা। স্থানীয়